

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 15-02-2025**

**Time: 7-35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) অন্ধ্রপ্রদেশে বার্ড ফ্লু ছড়িয়ে পড়ার দরুণ সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে রাজ্য সরকার আগামী তিন মাসের জন্য ওই রাজ্যের তিনটি জেলা থেকে ডিম ও মুরগি আমদানিতে নিষেধাজ্ঞা জারি করেছে।
- ২) প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায়, বহিক্ষত যুব ত্রুটি কংগ্রেস নেতা কুন্তল ঘোষের কঠস্বরের নমুনা সংগ্রহের জন্য সিবিআইকে অনুমতি দিয়েছে আদালত।
- ৩) রক্ষণাবেক্ষণের কাজের জন্য সপ্তাহান্তে শিয়ালদা শাখায় বাতিল এক গুচ্ছ লোকাল ট্রেন।
- ৪) আগামী বুধবার দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বৃষ্টির পূর্বাভাস। বৃষ্টি হতে পারে উত্তরবঙ্গও।
- ৫) আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপারজায়ান্ট, কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি হবে।

---

অন্ধ্রপ্রদেশে বার্ড ফ্লু ছড়িয়ে পড়ার দরুণ সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে রাজ্য সরকার আগামী তিন মাসের জন্য ওই রাজ্যের তিনটি জেলা থেকে ডিম এবং মুরগি

আমদানিতে নিষেধাজ্ঞা জারি করেছে। রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী স্বপন দেবনাথ জানিয়েছেন, পরিস্থিতি পর্যবেক্ষণ করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। এছাড়া, রাজ্য সরকারের প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তর থেকে সমস্ত পোলিট্রি ফার্মকে সতর্ক করা হয়েছে। যদি কোন পোলিট্রি হাঁস বা মুরগির মধ্যে কিমুনি, খিদে না পাওয়া, বা বার্ড ফ্লুর অন্য কোনও উপসর্গ দেখা যায়, তবে সেটিকে আলাদা করে রাখতে হবে এবং তার ৩ কিলোমিটারের মধ্যে বিশেষ নজরদারি চালাতে হবে। এই ধরনের সতর্কতা মূলত বার্ড ফ্লু প্রতিরোধে জরুরি পদক্ষেপ হিসেবে গ্রহণ করা হয়েছে।

এদিকে রাজ্যের পোল্ট্রি মালিক সংগঠনের তরফে জানানো হয়েছে তারা সবরকম সতর্কতা অবলম্বন করছেন। ওয়েস্ট বেঙ্গল পোল্ট্রি ফেডারেশনের সাধারণ সম্পাদক মদনমোহন মাইতি বলেন, মুরগির মাংসের জন্য রাজ্য স্বনির্ভর। ফলে আতঙ্কের কারণ নেই।

---

প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায়, বহিক্ষত যুব ত্রুটি মূল কংগ্রেস নেতা কুন্তল ঘোষের কঠস্বরের নমুনা সংগ্রহের জন্য সিবিআইকে অনুমতি দিয়েছে আদালত। আগামী ১৮ ফেব্রুয়ারি তার কঠস্বরের নমুনা সংগ্রহ করা হবে। বিশেষ সিবিআই আদালতে গতকাল নিয়োগ দুর্নীতি মামলার শুনানিতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা জানায়, তদন্তে বেশ কিছু নতুন তথ্য তাঁদের হাতে এসেছে। সেগুলি যাচাইয়ের জন্য কুন্তলের কঠস্বরের নমুনা প্রয়োজন।

এর আগে শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত সুজয় কৃষ্ণ ভদ্রের কঠস্বরের নমুনা সংগ্রহ করে ইংরি ও সিবিআই।

উল্লেখ্য, চাকরি দেওয়ার নামে প্রার্থীদের কাছ থেকে বিপুল অঙ্কের টাকা নেওয়ার অভিযোগ ওঠে কুন্তলের বিরুদ্ধে। এমনকি ফেল করা প্রার্থীদের যোগ্য প্রমাণ করতে খোলা হয়েছিলো ভুয়ো ওয়েবসাইটও। আর্থিক লেনদেন এবং নিয়োগ দুর্নীতি মামলায়

২০২৩- এ কুন্তলকে গ্রেপ্তার করে ইডি ও সিবিআই। প্রায় ২৩ মাস জেলে থাকার পর সিবিআই -এর মামলায় জামিন পায় সে। তার আগে কলকাতা হাইকোর্ট তাকে ইডির মামলায় জামিন দেয়।

এদিকে, শাসক দলের চক্রান্তে সঠিক কর্তৃত্ব পাওয়া যাবে কি না, তাই নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন সিপিআইএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

(বাইট)

অন্যদিকে, শারীরিক অসুস্থতার কারণে নিয়োগ দুর্ব্লান্তি মামলায় ধৃত সুজয় কৃষ্ণ ভদ্রের জামিনের আবেদনের প্রেক্ষিতে সিবিআই-এর কাছে তাঁর স্বাস্থ্য সংক্রান্ত রিপোর্ট চেয়েছে কলকাতা হাইকোর্ট। জেল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে মঙ্গলবারের মধ্যে রিপোর্ট জমা দিতে নির্দেশ দিয়েছেন বিচারপতি অরিজিং বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ। ওইদিনই মামলার পরবর্তী শুনানি।

---

রাজ্য সরকারের আপত্তি খারিজ করে দিয়ে আগামীকাল পূর্ব বর্ধমানের সাই কমপ্লেক্সে, রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ আর এস এসের র্যালির শর্তসাপেক্ষে অনুমোদন দিল কলকাতা হাইকোর্ট। সংঘের প্রধান মোহন ভাগবত এই সভায় বক্তব্য রাখবেন। মাধ্যমিক সহ অন্যান্য পরীক্ষা চলাকালীন এ ধরণের সভায় লাউডস্পিকার বাজলে অতিরিক্ত আওয়াজে পরীক্ষার্থীদের অসুবিধা হবে - এই কারণ দেখিয়ে এর আগে পুলিশ এই সভার অনুমোদন বাতিল করে দেয়। এরপরই উদ্যোগাদের পক্ষ থেকে হাইকোর্টে আবেদন জানানো হলে বিচারপতি অমৃতা সিনহা তা খারিজ করে দেন। তবে বেশ কিছু শর্ত রাখা হয়েছে। মানুষের জমায়েত এবং লাউডস্পিকার এর তীব্রতা যতটা সম্ভব কর রাখতে হবে বলে, বিচারপতি জানান। রবিবার কোনো মাধ্যমিক পরীক্ষা নেই বলেও আদালত তাঁর পর্যবেক্ষনে জানিয়েছে।

---

দার্জিলিং-এর উন্নয়নে বরাদ্দ বৃদ্ধি, শূন্যপদে দ্রুত নিয়োগ, বকেয়া মেটানো সহ একাধিক দাবি নিয়ে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের চিফ এগজিকিউটিভ অনীত থাপার নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ কলকাতায় আসছেন। তিনদিনের সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং মুখ্যসচিব মনোজ পন্তের সঙ্গে দেখা করবেন তাঁরা। এইজন্য জিটিএ র তরফে মুখ্যমন্ত্রীর কাছে সময় চাওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। জিটিএ র জন্য বার্ষিক বরাদ্দ দুশো কোটি টাকা থেকে বাড়িয়ে তিনশো কোটি করার দাবি জানাবেন তাঁরা।

উল্লেখ্য, অনীত থাপার নেতৃত্বে বর্তমান জিটিএ বোর্ড ২০২২ সালে কাজ শুরু করে। সেই সময় রাজ্যের কাছে জিটিএর প্রায় পাঁচশো কোটি টাকা বকেয়া ছিল বলে খবর।

---

উত্তর কলকাতার বড়তলা থানা এলাকায় এক অসুস্থ বৃক্ষকে আগ্নেয়ান্ত্র দেখিয়ে দুঃসাহসিক ডাকাতির ঘটনা, একা বসবাসকারী বয়স্কদের নিরাপত্তাকে ফের প্রশংসিতের মুখে দাঁড় করিয়েছে। মধুমিতা মিত্র নামে ঐ বৃক্ষার ফিমার বোন ভেঙে যাওয়ায় এক ফিজিওথেরাপিষ্ট বাড়িতে আসা যাওয়া করছিলেন। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। জেরা করা হচ্ছে বাড়ির পরিচারিকা ও কেয়ারটেকারকেও।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, রাজ্য পুলিশের প্রকৃত অবস্থা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল এই ঘটনা।

(বাইট)

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, অতীতের চেয়ে রাজ্যে অপরাধ অনেক কমেছে। পুলিশ প্রশাসন যথাযথ ব্যবস্থা নেবে।

(বাইট)

---

বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের বারাসাত - বনগাঁ, লালগোলা-কৃষ্ণনগর এবং নৈহাটি-হালিশহরের মধ্যে ট্রাফিক এবং পাওয়ার ব্লক থাকায় আজ ও আগামীকাল ট্রেন চলাচল নিয়ন্ত্রিত হবে। গোবরডাঙ্গা স্টেশনে আপ লাইনে আজ রাত ১০ টা ৪৫ মিনিট থেকে আগামীকাল সকাল ৮ টা ৪৫ মিনিট এবং ডাউন লাইনে আজ রাত ১০ টা ৪৫ থেকে আগামীকাল ভোর ৫ টা ৪৫ মিনিট পর্যন্ত ট্রেনের গতি বাড়ানোর কাজ চলবে। এর জেরে শিয়ালদা-বনগাঁর মধ্যে আপ ও ডাউনে চার জোড়া লোকাল ট্রেন বাতিল থাকছে। নৈহাটি-ব্যান্ডেল, শিয়ালদা-গেদে, শিয়ালদা-শান্তিপুরের মধ্যে এক জোড়া করে ইএমইউ লোকাল বাতিল করা হয়েছে।

এছাড়াও আগামীকাল বারাসাত ও বনগাঁর মধ্যে এক জোড়া, শিয়ালদা-হাবরা দু জোড়া, নৈহাটি-ব্যান্ডেল, শিয়ালদা-গেদে, শিয়ালদা-শান্তিপুর, নৈহাটি-রানাঘাট, কৃষ্ণনগর সিটি-লালগোলা, রানাঘাট-লালগোলার মধ্যে এক জোড়া করে ইএমইউ লোকাল বাতিল থাকবে। এই দুদিন বেশ কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত ও সময়সূচী বদল করা হয়েছে।

---

কলকাতার তথ্য প্রযুক্তি সেক্টরের সঙ্গে কলকাতা স্টেশন ও উল্টাডাঙ্গা স্টেশনের যোগাযোগ ব্যবস্থার উন্নতিতে নতুন একটি বাস রুট চালু হতে চলেছে। আজ দুপুর দুটোয় হাতিশালা বাস টার্মিনাসে আয়োজিত এক অনুষ্ঠানে KB 24 নম্বর-এর নতুন এই বাস রুটের উদ্বোধন করবেন রাজ্যের পরিবহন মন্ত্রী মন্ত্রী মেহাশীষ চক্রবর্তী। নতুন এই বাস সল্টলেকের আইটি সেক্টর থেকে Infosys, নারকেলবাগান, নিউটাউন, সল্টলেক সেক্টর ফাইভ, কর্ণগাময়ী, খানা, শ্যামবাজার, এবং আরজি কর হয়ে উল্টাডাঙ্গা ও কলকাতা স্টেশন পৌঁছবে।

---

বীরভূমের মহম্মদবাজারে দেউচা পাচামী কংগলা খনির প্রথম পর্যায়ের কাজ শুরু হয়েছে। প্রাথমিকভাবে এলাকায় ছড়িয়ে ছিটিয়ে থাকা এক হাজার বড় গাছকে বিশেষজ্ঞদের পরামর্শ মেনে অন্যত্র সরিয়ে পুনর্বাসন দেওয়া হচ্ছে। খনি শিল্পের প্রসারের পাশাপাশি পরিবেশের যাতে কোন ক্ষতি না হয় সেদিকে বিশেষ দৃষ্টি দিয়েছে প্রকল্পের নোডাল সংস্থা রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগম।

একটি প্রতিবেদন।

---

সপ্তাহান্তে শীতের আমেজ অনুভূত হলেও আগামী সপ্তাহে সর্বনিম্ন তাপমাত্রা বাড়বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামী বুধবার দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

(বাইট)

দার্জিলিং, জলপাইগুড়ি এবং কালিম্পঙ্গের পার্বত্য এলাকায় বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টি হতে পারে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ৪ ডিগ্রি কম।

সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াসের আশেপাশে থাকার সম্ভাবনা।

---

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপারজায়ান্ট, কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি হবে। কোচির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে খেলা শুরু হবে সম্ম্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ২০ ম্যাচে ৪৬ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকার শীর্ষে রয়েছে। দ্বিতীয় স্থানে থাকা এফসি গোয়ার থেকে মোহনবাগান সাত পয়েন্টে এগিয়ে। আজকের ম্যাচ

জিতলে লিগশিল্ড জয়ের পথে আরো এক ধাপ এগিয়ে যাবে সবুজ মেরুন। ১৯ ম্যাচে  
২৪ পয়েন্ট সংগ্রহ করে কেরালা রয়েছে অষ্টম স্থানে।

---